

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(ত্রাণ শাখা)
কচুয়া, চাঁদপুর।



স্মারক নং- ৫১.০১.১৩৫৮.০০০.৪১.০০১.২০-৩০২

তারিখ : ০৪/০৫/২০২১খ্রিঃ

প্রাপক : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কচুয়া, চাঁদপুর।

বিষয় : করোনা পরিস্থিতি মোকাবেলায় ত্রাণ কার্য (চাল) এর ডি.ও ইস্যু প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, চাঁদপুর এর স্মারক নং- ৫১.০১.১৩০০.০০০.০৫.০১১.২১-২০১, তারিখ- ২৯/০৪/২০২১খ্রিঃ

সূত্রস্থ স্মারক মূলে ২০২০-২০২১ অর্থ বছরে কচুয়া উপজেলায় করোনা পরিস্থিতি মোকাবেলায় কর্মহীন শ্রমিক, ছিন্নমূল, গরীব, অসহায় ও দুঃস্থ ব্যক্তি/পরিবারের মধ্যে আহাৰ্য্য বাবদ ০২.০০০ (দুই) মেঃটন চালের বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত চাল অত্র উপজেলার নিম্নোক্ত ইউনিয়নসমূহে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে জনসমাগম রোধকল্পে যে সকল মানুষ কর্মহীন (যেমন- ভিক্ষুক, ভবঘুরে, দিন মজুর, রিক্সা চালক, ড্যান গাড়ী চালক, পরিবহন শ্রমিক, রেস্তুরেন্ট শ্রমিক, ফেরীওয়াল, চা দোকানদার) হয়ে খাদ্য সমস্যায় আছে, যারা দৈনিক আয়ের ভিত্তিতে সংসার চালায় তাদের খাদ্য সহায়তা হিসেবে বিতরণের নিমিত্ত নিম্নোক্ত চেয়ারম্যানগণের বিপরীতে ০২.০০০(দুই) মেঃটন জি.আর চালের উপ-বরাদ্দ করা হয়। উক্ত বরাদ্দকৃত চাল সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানের অনুকূলে ছাড় (ডি,ও) করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত কারণে উক্ত চাল ইউনিয়ন পরিষদে গণজামায়েত করে বিতরণ করা যাবে না এবং বিতরণকালীন সময়ে কোন গণজামায়েত করা যাবে না। সংশ্লিষ্ট উপকারভোগীর বাড়ী গিয়ে আবশ্যিকভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে ত্রাণ সামগ্রী পৌঁছে দিতে হবে।

ক্রঃ নং	দুর্যোগের নাম / প্রতিষ্ঠানের নাম	ডি.ও গ্রহণকারীর নাম ও পদবী	ইউনিয়নের নাম	জি.আর চালের পরিমাণ (মেঃটন)
০১	করোনা ভাইরাস (কোভিড-১৯)	জনাব মোঃ মনির হোসেন, চেয়ারম্যান, ১নং সাচার ইউ,পি	সাচার	১৫০ কেজি চাল
০২		জনাব মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান, ২নং পাঁথের ইউ,পি	পাঁথের	১৫০ কেজি চাল
০৩		জনাব ইসহাক সিকদার, চেয়ারম্যান, ৩নং বিতারা ইউ,পি	বিতারা	২০০ কেজি চাল
০৪		জনাব মোঃ ইমাম হোসেন, চেয়ারম্যান, ৪নং পালাখাল মডেল ইউ,পি	পালাখাল মডেল	১৫০ কেজি চাল
০৫		জনাব মোঃ আবদুস সামাদ, চেয়ারম্যান, ৫নং সহদেবপুর (পঃ) ইউ,পি	সহদেবপুর(পঃ)	১৫০ কেজি চাল
০৬		জনাব কাজী মোঃ জহিরুল ইসলাম, চেয়ারম্যান, ৬নং কচুয়া (উঃ) ইউ,পি	কচুয়া (উঃ)	১৫০ কেজি চাল
০৭		জনাব মোঃ জসিম উদ্দিন, চেয়ারম্যান, ৭নং কচুয়া (দঃ) ইউ,পি	কচুয়া (দঃ)	১৫০ কেজি চাল
০৮		জনাব মোঃ রফিকুল ইসলাম লালু, চেয়ারম্যান, ৮নং কাদলা ইউ,পি	কাদলা	২০০ কেজি চাল
০৯		জনাব মোঃ আহসান হাবিব, চেয়ারম্যান, ৯নং কড়ইয়া ইউ,পি	কড়ইয়া	২০০ কেজি চাল
১০		জনাব মোঃ কবির হোসেন, চেয়ারম্যান, ১০নং গোহট (উঃ) ইউ,পি	গোহট (উঃ)	১৫০ কেজি চাল
১১		জনাব মোঃ শাহরিয়া, চেয়ারম্যান, ১১নং গোহট (দঃ) ইউ,পি	গোহট (দঃ)	১৫০ কেজি চাল
১২		জনাব মোঃ মাসুদ এলাহী (সুবাস), চেয়ারম্যান, ১২নং আশরাফপুর ইউ,পি	আশরাফপুর	২০০ কেজি চাল
		মোট =	০২.০০০ মেঃটন চাল	

প্রকাশ থাকে যে, স্থানীয় মাননীয় সংসদ সদস্য মহোদয়কে অবহিত করে ত্রাণ কার্য (চাল) বিতরণ করতে হবে।

- ** সকল উপকারভোগীদের মাঝে উল্লিখিত ত্রাণ কার্য (চাল) সহায়তা একটি ব্যাগে করে দিতে হবে। ব্যাগের উপর বড় অক্ষরে লিখা থাকবে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার।
- ** মানবিক সহায়তা বিতরণকালীন সংশ্লিষ্ট ট্যাগ অফিসার বাধ্যতামূলকভাবে উপস্থিত থাকবেন এবং এক্ষেত্রে সকল প্রকার স্বচ্ছতা নিশ্চিত করবেন।

ডি.ও গ্রহণকারীর নমুনা স্বাক্ষর :

সত্যায়িত

১।
২।
৩।


(দীপায়ন দাস শুভ)
উপজেলা নির্বাহী অফিসার
কচুয়া, চাঁদপুর।

স্মারক নং- ৫১.০১.১৩৫৮.০০০.৪১. ০০১.২০- ১০২

তারিখ : ০৪/০৫/২০২১খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মাননীয় সংসদ সদস্য, ২৬০, চাঁদপুর-১(কচুয়া)।
- ২। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, চাঁদপুর।
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চাঁদপুর।
- ৫। উপজেলা কর্মকর্তা, ও ট্যাগ অফিসার, ইউনিয়ন, কচুয়া, চাঁদপুর।
প্রত্যেক উপকারভোগীর নিকট সশরীরে উপস্থিত হয়ে ত্রাণ কার্য(চাল) সহায়তা বিতরণ পূর্বক ছবি তোলে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। চেয়ারম্যান, (সকল) ইউ.পি, কচুয়া, চাঁদপুর। আপনাকে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণ পূর্বক চাল বিতরণ করতে হবে। বিতরণ শেষে নিরীক্ষার জন্য মাস্টাররোল অত্র কার্যালয়ে দাখিল করতে হবে।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কচুয়া থানা, কচুয়া, চাঁদপুর।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় খাদ্য গুদাম, কচুয়া, চাঁদপুর।
- ৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, কচুয়া, চাঁদপুর। উপজেলা ওয়েব সাইডে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। সভাপতি, কচুয়া প্রেসক্লাব, কচুয়া, চাঁদপুর। (বহুল প্রচারের জন্য)
- ১১। অফিস কপি।


(মোহাম্মদ আশেকুর রহমান)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
কচুয়া, চাঁদপুর।